

কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, চতুর্থ সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি.-৪.১ (OLD)

বিষয় : উনিশ শতকের বাংলা সাহিত্য, পর্ব - ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

৩×১০ = ৩০

১। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে কখনশৈলীর বিশেষত্ব আলোচনা করে তা উপন্যাসের সঙ্গে কতটা সংগতিপূর্ণ হয়েছে বলে মনে কর বুঝিয়ে দাও।

অথবা

২। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে উইলের বদল কীভাবে উপন্যাসের কাহিনির অভিমুখ বদলে দেয় সে বিষয়ে আলোচনা করো।

৩। উনিশ শতকের বাংলার সামাজিক প্রেক্ষিতে ‘সীতার বনবাস’ আখ্যানের গুরুত্ব কোথায় তা আলোচনা করো।

অথবা

৪। ‘কমলাকান্তের দপ্তর’-এর অনেক লেখারই প্রধান সুর কৌতুকের। কৌতুকের এই ব্যবহার সম্পর্কে তোমার মন্তব্যসহ আলোচনা করো।

৫। ‘বীরাঙ্গনা কাব্য’ নির্মাণের জন্য পৌরাণিক কাহিনিসূত্রকে মাইকেল মধুসূদন দত্ত কেমনভাবে ব্যবহার করেছেন পাঠ্য পত্রিকা অবলম্বনে লেখো।

অথবা

৬। ‘বীরাঙ্গনা কাব্যের’ নারী চরিত্র সৃষ্টিতে ব্যবহৃত হয়েছে উনিশ শতকের যুক্তিবোধ ও চেতনা। মন্তব্যটি বিচার করো।

৭। ট্রাজেডির নায়কের লক্ষণগুলি কী কী? তুমি কোন্ চরিত্রকে ‘প্রফুল্ল’ নাটকের নায়ক মনে করো? সেই চরিত্র কি ট্রাজেডির নায়ক হিসাবে সার্থক হয়েছে বলে মনে করো? যুক্তিসহ আলোচনা করো।

অথবা

৮। ‘প্রফুল্ল’ নাটকের প্রফুল্ল ও জগমণি নারী চরিত্রের দুই বিপরীত প্রান্ত সূচিত করে। তুমি কি মনে কর, নাট্যকার দুই বিপরীতধর্মী নারী চরিত্রকে একত্র সমাবেশে কোনো নাটকীয় প্রয়োজন সিদ্ধ করেছেন? যুক্তিসহ লেখো।

★ ★ ★